অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 3/8/2021 **গভর্নর অ্যান্ড্রু এম. কুওমো**

গভর্নর কুওমো জ্যাভিটস সেন্টার গণ টিকাদান সাইটে জাতির সেরা একদিনের পারফরম্যান্সের ঘোষণা দিয়েছেন

13,431 ডোজ শনিবার/রবিবার এবং 13,713 ডোজ রবিবার/সোমবার প্রদান করা হয়

গত 24 ঘণ্টায় নিউ ইয়র্ক স্টেট জুড়ে 123,124 ডোজ প্রদান করা হয়

আজ সকাল 11টা পর্যন্ত, নিউ ইয়র্কের সরবরাহকারীগণ প্রথম ডোজের 89% প্রদান করেছেন

স্টেটের টিকা প্রোগ্রাম সম্পর্কে আপডেট প্রদান করতে টিকা ড্যাশবোর্ড প্রতিদিন আপডেট করা হবে; ny.gov/vaccinetracker এ যান

গভর্নর এন্ড্রু এম. কুওমো আজ ঘোষণা করেছেন যে নিউ ইয়র্ক সিটির জ্যাকব কে. জ্যাভিটস কনভেনশন সেন্টারে গণ টিকাদান সাইটটি শনিবার থেকে সোমবার পর্যন্ত দেশের সেরা পারফর্ম করেছে। সাইটটি শনিবার ও রবিবার 24 ঘণ্টার মধ্যে 13,431 ডোজ এবং রবিবার ও সোমবার 24 ঘণ্টার মধ্যে 13,713 ডোজ প্রদান করেছে। গত 24 ঘণ্টায় নিউ ইয়র্কের বিশাল বিতরণ নেটওয়ার্ক জুড়ে 123,124 ডোজ প্রদান করা হয়েছে। টিকা প্রদানের জন্য, প্রোভাইডারদের কাছে 12 সপ্তাহের ফেডারেল টিকার বরাদ্দ সরবরাহ করা হয়েছে। আজ সকাল 11টা পর্যন্ত নিউ ইয়র্কের প্রদানকারীরা এখন অবধি সরবরাহ করা প্রথম ডোজের 89 শতাংশ প্রদান করেছে। ফেডারেল সরকারের কাছ থেকে 13 সপ্তাহের বরাদ্দ এই সপ্তাহের মাঝামাঝি সময়ে শুরু হবে।

"আমরা স্টেটজুড়ে সরবরাহকারী এবং স্থানীয় নেতাদের সাথে নিরবচ্ছিন্নভাবে কাজ করে যাচ্ছি যাতে আরো অগ্রসর হওয়া যায় এবং বর্তমানে যোগ্য সকল নিউ ইয়র্কবাসীদের কাছে পৌঁছাতে পারে," **গভর্নর কুওমো বলেন।** "ইতোমধ্যে আমরা সংশয়ের মোকাবেলা করছি এবং যারা অ্যাপয়েন্টমেন্ট করতে এবং টিকাদান সাইটে পৌঁছাতে বাধার সম্মুখীন হতে পারে তাদের পক্ষে আরো অ্যাক্সেস প্রসারিত করতে কাজ করছি, কারণ টিকা বিতরণ ন্যায়সঙ্গত কি না তা নিশ্চিত করার দায়িত্ব আমাদের রয়েছে। আমরা সৌভাগ্যবান যে হোয়াইট হাউজে একজন নির্ভরযোগ্য অংশীদার পেয়েছি এবং নিউ ইয়র্কে আমাদের বিতরণ অবকাঠামো আমাদেরকে দক্ষতার সাথে আগত সরবরাহ পরিচালনা করার সুযোগ করে দিয়েছে। এখন আমাদেরকে অবশ্যই এই ভাইরাসের বিস্তার কমানোর জন্য সম্ভাব্য সব ধরনের নিরাপত্তা সতর্কতা অবলম্বন করতে হবে, তাই এই টিকাদান সর্বোচ্চ প্রভাব ফেলবে।

বর্তমানে আনুমানিক 10 মিলিয়ন নিউ ইয়র্কবাসী এই টিকা পাওয়ার যোগ্য। নিউ ইয়র্কের বিশাল বিতরণ নেটওয়ার্ক এবং যোগ্য ব্যক্তিদের বৃহৎ জনসংখ্যা ফেডারেল সরকার থেকে আসা টিকা সরবরাহের চেয়ে এখনও বহু গুণ বেশি। সীমিত সরবরাহের কারণে, নিউ ইয়র্কবাসীদের ধৈর্য ধরতে উৎসাহিত করা হচ্ছে এবং কোনো অ্যাপয়েন্টমেন্ট ছাড়া টিকাদান সাইটে উপস্থিত না হওয়ার পরামর্শ দেওয়া হচ্ছে।

কোমোরবিডিটি এবং অন্তর্নিহিত শর্তযুক্ত নতুন অ্যাপয়েন্টমেন্ট সহ ব্যক্তিদের জন্য 'আমি কি যোগ্য (Am I Eligible)' স্ক্রিনিং টুলটি আপডেট করা হয়েছে যা পরের সপ্তাহগুলিতে রোলিং ভিত্তিতে প্রকাশিত হয়েছে। নিউ ইয়র্কবাসীরা নিম্নলিখিতগুলি ব্যবহার করে দেখাতে পারবেন যে তারা যোগ্য:

- ডাক্তারের চিঠি অথবা
- চিকিৎসা তথ্য প্রমাণীকরণ কোমোরবিডিটি অথবা
- স্বাক্ষরিত সার্টিফিকেট

নিচের টিকাদান কর্মসূচির সংখ্যাগুলি স্টেটের টিকাদান কর্মসূচির জন্য নিউ ইয়র্কে বণ্টন ও বিতরণ করা ডোজের সংখ্যা এবং ফেডারেল সরকারের দীর্ঘমেয়াদী পরিচর্যার ফেসিলিটি (Long Term Care Facility) কর্মসূচির জন্য সংরক্ষিত ডোজ অন্তর্ভুক্ত করে না। আজ সকাল 11 টা পর্যন্ত নিউ ইয়র্ক স্টেটে রিপোর্ট করা সংখ্যাগুলির উপর ভিত্তি করে তথ্যগুলির বিশদ বিবরণ নিম্নরূপ: সপ্তাহ 9 থেকে শুরু করে, মোট বরাদ্দে কিছু অতিরিক্ত টিকার ডোজ অন্তর্ভুক্ত করে যা ফেডারেল দীর্ঘমেয়াদী পরিচর্যার ফেসিলিটি প্রোগ্রাম (Long Term Care Facility program) থেকে পুনরায় বরাদ্দ করা হয়েছে। নিচে বরাদ্দের মোট সংখ্যা 12 সপ্তাহের বরাদ্দের 100 শতাংশকে অন্তর্ভুক্ত করে, যা আজ নিউ ইয়র্ক সরবরাহকারী সাইটে বিতরণ করা শেষ হবে। 12 সপ্তাহের বরাদ্দের পরিসংখ্যানের মধ্যে এখন নিউ ইয়র্ক স্টেট-ফেডারেল ইমার্জেন্সি ম্যানেজমেন্ট এজেন্সি (Federal Emergency Management Agency, FEMA) গণ টিকাদান সাইট এবং ফেডারেল রিটেইল ফার্মেসি পার্টনারশিপের জন্য ডেলিভারি অন্তর্ভুক্ত রয়েছে।

স্টেটব্যাপী তালিকা

প্রাপ্ত প্রথম ডোজ - 4,227,090
প্রদান করা প্রথম ডোজ - 3,746,905
প্রাপ্ত মোট ডোজ - 6,541,110
প্রদান করা মোট ডোজ - 5,640,706

অঞ্চল	প্রাপ্ত মোট ডোজ (1ম ও 2য়)	প্রদান করা মোট ডোজ (1ম ও 2য়)	মোট ডোজের % যা প্রদান করা/প্রাপ্ত হয়েছে (1ম ও 2য়)
Capital Region	421,050	349,438	83%

Central New York	348,450	310,468	89%
Finger Lakes	405,355	354,086	87%
Long Island	774,570	672,789	87%
Mid-Hudson	626,065	519,605	83%
Mohawk Valley	180,255	158,919	88%
New York City	2,917,965	2,514,336	86%
North Country	204,560	189,403	93%
Southern Tier	228,405	192,102	84%
Western New York	434,435	379,560	87%
স্টেটজুড়ে	6,541,110	5,640,706	86%

	নিউ ইয়র্কের প্রোভাইডারদের কাছে সম্পূর্ণভাবে 1ম ডোজগুলি সরবরাহ করা হয়েছে	নিউ ইয়র্কের প্রোভাইডারদের কাছে সম্পূর্ণভাবে 2য় ডোজগুলি সরবরাহ করা হয়েছে	মোট	ক্রমবর্ধমান
সপ্তাহ 1 ডোজ আসছে 12/14 – 12/20	163,650	0	163,650	163,650
সপ্তাহ 2 ডোজ আসছে 12/21 – 12/27	452,125	0	452,125	615,775
সপ্তাহ 3 ডোজ আসছে 12/28 – 01/03	227,395	0	227,395	843,170
সপ্তাহ 4	239,025	165,150	404,175	1,247,345

ডোজ আসছে 01/04 – 01/10				
সপ্তাহ 5 ডোজ আসছে 01/11 – 01/17	221,315	119,925	341,240	1,588,585
সপ্তাহ 6 ডোজ আসছে 01/18– 01/24	250,400	462,395	712,795	2,301,380
সপ্তাহ 7 ডোজ আসছে 01/25 – 01/31	260,150	239,525	499,675	2,801,055
সপ্তাহ 8 ডোজ আসছে 02/01 – 02/07	321,850	220,720	542,570	3,343,625
সপ্তাহ 9 ডোজ আসছে 02/8 – 02/14	320,000	244,500	564,500	3,908,125
সপ্তাহ 10 ডোজ আসছে 2/15 – 2/21	356,990	265,525	622,515	4,530,640
সপ্তাহ 11 ডোজ আসছে	393,530	305,780	699,310	5,229,950

2/22 – 2/28				
সপ্তাহ 12 ডোজ আসছে 03/01 – 03/07*	1,020,660	290,500	1,311,160	6,541,110

**এই সংখ্যাগুলি 12 সপ্তাহের ফাইজার, মডার্না এবং জনসন ও জনসন টিকার 100 শতাংশের প্রতিনিধিত্ব করে।*

আজ পর্যন্ত, নিউ ইয়র্কের প্রোভাইডারগণ ফেডারেল সরকারের কাছ থেকে পাওয়া প্রথম ডোজের 89 শতাংশ প্রদান করেছেন কিন্তু ফেডারেল সরকারের সীমিত বরাদ্দের কারণে, অ্যাপয়েন্টমেন্টগুলি দ্রুত পূরণ হয়ে গেছে। যে সকল নিউ ইয়র্কবাসী যোগ্যতা নির্ধারণ করতে এবং স্টেট পরিচালিত একটি গণ টিকাদান সাইটে অ্যাপয়েন্টমেন্ট নির্ধারণ করতে চান, তারা 'আমি কি যোগ্য (Am I Eligible)' ওয়েবসাইটি ভিজিট করতে পারেন। নিউ ইয়র্কবাসীগণ অতিরিক্ত তথ্যের জন্য এবং অ্যাপয়েন্টমেন্টের জন্য স্থানীয় স্বাস্থ্য বিভাগ, ফার্মেসি, ডাক্তার বা হাসপাতালে অথবা যেখানে টিকা উপলভ্য আছে সেখানে কল করতে পারেন।

COVID-19 টিকা ট্র্যাকার ড্যাশবোর্ড COVID-19 টিকা বিতরণ সম্পর্কে নিউ ইয়র্কবাসীদের হালনাগাদ প্রদানের জন্য উপলভ্য। নিউ ইয়র্ক স্টেট স্বাস্থ্য বিভাগ (New York State Department of Health) 24 ঘন্টার মধ্যে সকল COVID-19 টিকা প্রদানের তথ্য রিপোর্ট করার জন্য টিকা প্রদানের ফ্যাসিলিটি প্রয়োজন; স্টেটের টিকাদান প্রচেষ্টার সবচেয়ে হালনাগাদকৃত মেট্রিক্স প্রতিফলিত করতে ড্যাশবোর্ডে টিকাদানের তথ্য প্রতিদিন আপডেট করা হয়।

যে সকল নিউ ইয়র্কবাসী টিকা বিতরণ প্রক্রিয়ায় জালিয়াতি সন্দেহ করেন তারা এখন 833-VAX-SCAM (833-829-7226) টোল-ফ্রি নম্বরে কল করতে পারেন অথবা STOPVAXFRAUD@health.ny.gov এ স্টেটের স্বাস্থ্য বিভাগকে ইমেল করতে পারেন। হটলাইন কর্মীগণ যথাযথ তদন্তকারী সংস্থার কাছে অভিযোগ পাঠাবে যাতে নিউ ইয়র্কবাসীদের প্রধান্য না দেওয়া হয় তা নিশ্চিত করা যায় কারণ স্টেট সমস্ত যোগ্য জনসংখ্যাকে টিকা দেওয়ার জন্য কাজ করছে।

###

আরো সংবাদ পেতে দেখুন www.governor.ny.gov
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418

আনসাবস্ক্রাইব করুন